

স্মারক নং-০৫.৫৫.৩২২১.০০১.৭৫.০০৮.২০. ৭৮২

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০  
৩০ জুলাই ২০২৩

## ফুলছড়ি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর ১ম ও ২য় তলা অফিস/দোকানঘর হিসেবে ভাড়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধার ফুলছড়ি উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের প্রথম তলা ও দ্বিতীয় তলার অফিস/দোকানঘর ভাড়া দেওয়ার নিমিত্ত নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০১	আবেদন ফরম বিতরণ ও গ্রহণ	৩০-০৭-২০২৩ হতে ১৫-০৮-২০২৩ পর্যন্ত (অফিস চলাকালীন)	
০২	আবেদন ফরম বিক্রয় ও জমাদানের স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলছড়ি গাইবান্ধা	অফিস চলাকালীন
০৫	দোকান ভাড়ার পরিমাণ (মাসিক)	প্রথম তলার প্রতি দোকান ভাড়া-১,১০০/- দ্বিতীয় তলার প্রতি দোকান ভাড়া-৮০০/-	অফিস/ফ্লোরের ক্ষেত্রে আলোচনা সাপেক্ষে
০৪	জামানত	প্রথম তলার প্রতি দোকান জামানত-৫০,০০০/- দ্বিতীয় তলার প্রতি দোকান জামানত-৫০,০০০/-	
০৬	আবেদন ফরম এর মূল্য	২০০/- টাকা (অফেরতযোগ্য)	

বি. দ্র.- আবেদনকারীকে দোকানের অবস্থান, দোকানের সুযোগ-সুবিধা ফুলছড়ি কালিরবাজারে অবস্থিত উপজেলা প্রশাসনিক ভবনের ৩০০ গজ দক্ষিণ-পশ্চিমে ফুলছড়ি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সরেজমিনে যাচাইপূর্বক আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

বিশেষ সুবিধাঃ ঃ বিদ্যুৎ, পানি, ওয়াশব্লক, সার্বক্ষণিক নিরাপত্তা।

### শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠানের দায়িত্বশীল ব্যক্তি হতে হবে। আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ০২। প্রতি বছর ভাড়া পুনঃ নির্ধারণ এবং চুক্তি নবায়ন করা হবে।
- ০৩। বরাদ্দপ্রাপ্ত দোকানে অনৈতিক, আইন বিরোধী, রাষ্ট্রবিরোধী ও মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী কার্যক্রম করা যাবে না। দোকানের কোনো ক্ষতি করা যাবে না। দোকান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ০৪। শর্ত পূরণ না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৫। একজন ব্যক্তি সর্বোচ্চ একটি দোকান ঘরের জন্য আবেদন করতে পারবে। তবে অফিস/ফ্লোর ভাড়ার ক্ষেত্রে আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।
- ০৬। একই দোকানের জন্য আত্মীয় আবেদনকারী একাধিক হলে লটারীর মাধ্যমে তা নির্ধারিত হবে।
- ০৭। চুক্তির শর্ত ভঙ্গ করলে চুক্তি বাতিলের সিদ্ধান্ত কর্তৃপক্ষ/সংশ্লিষ্ট কমিটি গ্রহণ করবে।
- ০৮। বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার ওয়ারিশ হলে প্রমাণকসহ আবেদনের ভিত্তিতে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৯। কোন অবস্থাতেই ভাড়াটিয়া নির্ধারিত বাণিজ্যিক কাজের বাহিরে এ দোকান ব্যবহার করতে পারবে না এবং ভাড়াকৃত দোকান অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর ব্যবহারের জন্য পুনঃবরাদ্দ/ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ/বাতিল করতে পারবেন এবং যেকোন সিদ্ধান্ত পরিবর্তন, সংযোজন বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মো: আনিসুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার

ও  
আহ্বায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন  
রক্ষণাবেক্ষণ পরিচালনা বিষয়ক আহ্বায়ক কমিটি  
ফুলছড়ি, গাইবান্ধা

৩০/৭/২৩